

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ১০০



৳ ১০০

একশত টাকা

খপ ৭৮৯৭০৫০

চুক্তি নং-৪৬.০৫.০০০০.২০৩.০৭.০০৪.১৯/২০২৩-২৪/ডিসি-০৪, তারিখ-২৮/০৮/২০২৩

চুক্তিপত্র

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ওয়াসা ভবন, থানা : তেজগাঁও, ঢাকা-১২১৫ এর পক্ষে উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা।

প্রথম পক্ষঃ

বনাম

জনাব মোঃ আমিনুর রহমান (জয়), সহকারী এক্সিকিউটিভ (কর্পোরেট সেল্‌স), বসুন্ধরা পেপার মিল্‌স লিঃ, বসুন্ধরা ইন্ডাস্ট্রিয়াল হেড কোয়ার্টার-২, প্লট-৫৬/এ, ব্লক-সি, উম্মে কুলসুম রোড, বসুন্ধরা আ/এ, ঢাকা-১২২৯।

দ্বিতীয় পক্ষ :

ঢাকা ওয়াসার রাজস্ব জোনসহ অন্যান্য অফিস/বিভাগের জন্য কাগজ সরবরাহের আবেদনের পরিপ্রেক্ষিতে ও ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা এর অনুমোদনের ভিত্তিতে নিম্নে আরোপিত শর্ত সাপেক্ষে দ্বিতীয় পক্ষ সম্মত হওয়ায় অদ্য ইংরেজি ২৮ দিন ০৮ মাস, ২০২৩ খ্রিস্টাব্দে এবং বাংলা ১২দিন ০৫ মাস ১৪৩০ বঙ্গাব্দে চুক্তি স্বাক্ষরিত হলো।

চলমান পাতা-২

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ১০০



৳ ১০০

একশত টাকা

খপ ৭৮৯৭০৫১

[Handwritten signature]

- ০১। বসুন্ধরা পেপার মিল্‌স লিঃ-কে কোটেশনে বর্ণিত A-4 সাইজের (৫০০ সিট, ৮০ গ্রাম) ৩০০০ (তিন হাজার) রিম ও লিগ্যাল সাইজের (৫০০ সিট, ৮০ গ্রাম) ৩০০ রিম প্রিন্টিং এন্ড ফটোকপি কাগজ সরবরাহ করতে হবে।
- ০২। কোটেশন অনুযায়ী ভ্যাট, এআইটি ও পরিবহন খরচসহ A-4 সাইজের প্রতি রিম কাগজের একক মূল্য ৪৩৫/- (চারশত পঁয়ত্রিশ) টাকা হিসেবে ৩০০০ রিম কাগজের মোট মূল্য (৩০০০×৪৩৫) = ১৩,০৫,০০০/- (তের লক্ষ পাঁচহাজার) টাকা এবং লিগ্যাল সাইজের প্রতি রিম কাগজের একক মূল্য ৫৪০/- (পাঁচশত চল্লিশ) টাকা হিসেবে ৩০০ রিম কাগজের মোট মূল্য (৩০০×৫৪০) = ১,৬২,০০০/- (এক লক্ষ বাষট্টি হাজার) টাকাসহ সর্বমোট (১৩,০৫,০০০ + ১,৬২,০০০) = ১৪,৬৭,০০০/- (চৌদ্দ লক্ষ সাতষট্টি হাজার) টাকা পরিশোধ করা হবে।
- ০৩। কোটেশনে বর্ণিত তারিখের পর কাগজের বাজার মূল্য কম বা বেশী হলেও কোটেশনে বর্ণিত কাগজের মোট মূল্যে কোনো পরিবর্তন করা যাবে না।
- ০৪। কার্যাদেশ ইস্যুর তারিখ হতে সমস্ত কাগজ ২১ (একুশ) দিনের মধ্যে সরবরাহ করতে হবে।
- ০৫। দ্বিতীয় পক্ষ কর্তৃক A-4 সাইজের ৩০০০ রিম ও লিগ্যাল সাইজের ৩০০ রিম কাগজ কমন সার্ভিস বিভাগ, ওয়াসা ভবন (১৪ তলা), ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা এই ঠিকানায় সরবরাহ করতে হবে।
- ০৬। কাগজ সরবরাহের ক্ষেত্রে দ্বিতীয় পক্ষকে (বসুন্ধরা পেপার মিল্‌স লিঃ) সমস্ত খরচ বহন করতে হবে।
- ০৭। সরবরাহকৃত ৩৩০০ রিম কাগজের মধ্যে যদি কোনো প্রকার কাগজের পুরাত্ব, সাইজ বা মান সংক্রান্ত কোনো প্রকার ত্রুটি পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে দ্বিতীয় পক্ষকে (বসুন্ধরা পেপার মিল্‌স লিঃ) উক্ত কাগজ পরিবর্তন করে দিতে হবে। এক্ষেত্রে পরিবহন খরচসহ সমস্ত খরচ দ্বিতীয় পক্ষকে (বসুন্ধরা পেপার মিল্‌স লিঃ) বহন করতে হবে।
- ০৮। কাগজ সরবরাহের পর দ্বিতীয় পক্ষ (বসুন্ধরা পেপার মিল্‌স লিঃ) কর্তৃক বিল দাখিল সাপেক্ষে টাকা ওয়াসার হিসাব বিভাগ হতে বিধি মোতাবেক বিল পরিশোধ করা হবে।

চলমান পাতা-৩

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ১০০





৳ ১০০

একশত টাকা

খপ ৭৮৯৭০৫২

আমরা উভয় পক্ষ উল্লেখকৃত শর্তাবলী পড়ে এর মর্ম উপলব্ধি করে, মেনে নিয়ে স্বেচ্ছায়, স্বজ্ঞানে এবং অন্য কারো প্ররোচনা ব্যতিরেকে এই চুক্তিনামায় স্বাক্ষর করলাম।

প্রথম পক্ষ	দ্বিতীয় পক্ষ
 শেখ এনায়েত আব্দুল্লাহ উপ-সচিব (চঃ দাঃ) কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা। E-mail : enayet_sk@yahoo.com ফোন : ০২-৫৫০১২০৮	 জনাব মোঃ আমিনুর রহমান (জয়) সহকারী এক্সিকিউটিভ (কর্পোরেট সেলস) বসুন্ধরা পেপার মিলস লিঃ বসুন্ধরা ইন্ডাস্ট্রিয়াল হেড কোয়ার্টার-২, প্লট-৫৬/এ, ব্লক-সি, উম্মে কুলসুম রোড, বসুন্ধরা আ/এ, ঢাকা-১২২৯। মোবাইল-০১৮৪৪৫১৪৪২০ E-mail : aminurrahman@ bg.com.bd
স্বাক্ষর	
 মোঃ মোরশেদুল ইসলাম সহকারী সচিব কমন সার্ভিস বিভাগ ঢাকা ওয়াসা।	মোঃ মিতমেন হোসেন সহকারী এক্সিকিউটিভ (কর্পোরেট সেলস) বসুন্ধরা পেপার মিলস লিঃ

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”